

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
পরিবেশ-৩ শাখা  
[www.moef.gov.bd](http://www.moef.gov.bd)

নং-২২.০০.০০০০.০৭৪.১৫.০০১.২০.৯০


তারিখঃ ১৮.০৩.২০২০ খ্রিঃ।

বিষয়: বিশ্ব পরিবেশ দিবস ২০২০ উদযাপন উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকার জন্য লেখা আহবান প্রসঙ্গে।

সূত্র: পরিবেশ অধিদপ্তরের পত্র নং-২২.০২.০০০০.০৩৩.২৩.০০২.২০.১৩; তারিখ: ২৬.০২.২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতিসংঘ সাধারণ পরিষদের ২৭তম অধিবেশনে বিশ্বের জনসাধারণকে পরিবেশ সংরক্ষণ সম্পর্কে সচেতন করার উদ্দেশ্যে প্রতি বছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনুসারে বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়ে আসছে। জাতিসংঘ পরিবেশ (Un Environment) এ বছর বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করেছে “Biodiversity” অর্থাৎ “জীববৈচিত্র্য”। দিবসটি উপলক্ষে প্রতিবাদের ন্যায় এবারও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তর বিস্তারিত কর্মসূচি গ্রহণ করবে। গৃহীত কর্মসূচির আওতায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক একটি স্মরণিকা প্রকাশ করা হবে যেখানে পরিবেশ অবক্ষয়, মাটি দূষণ, পাহাড় কর্তন, গ্রীন ইকোনমি, জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, ইটিপি প্রযুক্তি, বর্জ্য ব্যবস্থাপনা, শব্দ দূষণ, কার্বন ড্রেডিং, ইটভাটার পরিবেশবান্ধব প্রযুক্তি, সাসটেইনেবল ট্রান্সপোর্টেশন, রিলোকেশন অব ইন্ডাস্ট্রিজ, আরবান প্ল্যানিং ইত্যাদি বিষয়ে লেখা (প্রবন্ধ/নিবন্ধ/কবিতা) প্রেরণ করা যাবে।

এমতাবস্থায়, বর্ণিত যে কোন বিষয়ে আগ্রহী ব্যক্তি/প্রজাতন্ত্রের কর্মচারীকে আগামী ৩১ মার্চ ২০২০ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জনাব ফরিদ আহমেদ, পরিচালক (আইটি), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ অথবা ই-মেইল: [faridrenu@gmail.com](mailto:faridrenu@gmail.com) বরাবর (প্রবন্ধ/নিবন্ধ/কবিতা) ইত্যাদি লেখাসমূহ (sutononymj ফন্ট সর্বোচ্চ ১৮০০ শব্দ) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৮/০৬/২০২০

(মো: মনসুর আলম)

উপসচিব

ফোন: ৯৫৭৬৫৪৭

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৫। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৬। উপসচিব (সকল)/উপপ্রধান, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৮। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১১। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১৩। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (পত্রটি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

অনুলিপিঃ

- ০১। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।